দামুড়হুদার বিষ্ণুপুরে ইজিবাইকের ধাক্কায় প্রাণ গেল শিশুর

দামুড়হুদার বিষ্ণুপুরে ব্যাটারিচালিত ইজিবাইকের ধাক্কায় ইব্রাহিম
(৭) নামের এক শিশুর মৃত্যু হয়েছে। আজ বৃহস্পতিবার বেলা ১০টার সময় এ দুর্ঘটনা ঘটে। স্থানীয়রা তাকে দ্রুত মুমূর্ষু অবস্থায় উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেয়। কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

নিহত ইব্রাহিম বিষ্ণুপুর কাছারীপাড়ার বারেকের ছেলে। সে মজারপোতা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ২য় শ্রেনীর ছাত্র। জানা গেছে নিহত ইব্রাহিম পটকাবাজি কেনার জন্য বিষ্ণুপুর বাজারে যায়। বাজার থেকে ফেরার পথে বিষ্ণুপুর মাধ্যমিক বিদ্যালয় পার হয়ে পাওয়ার টিলার থেকে ঝুলন্ত অবস্থায় রাস্তার উপর পড়ে গেলে তৎক্ষণাৎ উঠে দাঁড়ানোর চেষ্টা করে। এমন সময় পিছন থেকে আসা দ্রুত গতির একটি ইজিবাইক তাকে ধাক্কা দিলে ছিটকে পড়ে যায়। এরপর ঐ ইজিবাইক নিহত ইব্রাহিমের উপর দিয়ে চলে যায়। স্থানীয় লোকজন ইজিবাইক আটক করে। তাকে দ্রুত উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যায়। ইজিবাইক চালক দক্ষিণপাড়ার ছানোয়ার হোসেন কালুর ছেলে আসিব (১৭) এখানো পলাতক রয়েছে। ইজিবাইক বর্তমানে বিষ্ণুপুর পুলিশ ফাঁড়িতে আটক আছে।

বিষ্ণুপুর পুলিশ ফাঁড়ির সেকেন্ড ইনচার্জ এএসআই রাশেদ জানান ঘটনাস্থল থেকে কৌশলে ইজিবাইকটি সরিয়ে নেয়া হয়েছিল। খোঁজাখুঁজির পর ইজিবাইকটি উদ্ধার করে ক্যাম্পে আটক রাখা হয়েছে।

নিহত ইব্রাহিমের পিতা বারেক বলেন আমার ছেলে মারা গেছে, আল্লাহর মাল আল্লাহ নিয়ে গেছে এতে আমার কারো উপর কোন অভিযোগ নেই।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি আলমগীর কবীর জানান এ বিষয়ে কোনো লিখিত অভিযোগ পাওয়া যায়নি। অভিযোগ পেলে ব্যবস্থা নেয়া হবে। নিহত ইব্রাহিম যেহেতু ছোট শিশু তাই ময়না তদন্ত বাদে দাফনের নির্দেশনা দেয়া হয়েছে।

শেষ খবর পাওয়া পর্যন্ত নিহত ইব্রাহিমের লাশ ময়না তদন্ত বাদে

তারাবিহ নামাজের পর দক্ষিণপাড়া কবরস্থানে দাফন সম্পন্ন হয়েছে।

দামুড়হুদার হাউলী ইউনিয়নে ভিজিএফের চাউল বিতরণ

আসন্ন পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে প্রধানমন্ত্রীর ঈদ উপহার হিসেবে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে দরিদ্র অসহায় ও দূস্থ পরিবারের মাঝে সুন্দর ও সুষ্ঠ পরিবেশে ভিজিএফ এর ইউনিয়নের ৯টি ওয়ার্ডের ২ হাজার ৬শত ১৬ জন অসহায় ও দূস্থ পরিবারের মাঝে মাথাপিছু ১০কেজি করে চাউল বিতরন করা হয়। আজ বৃহস্পতিবার সকাল ৯ টার দিকে পরিষদ চত্বরে চাউল বিতরণ করা হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক ভিজিএফ এর কর্মসূচির আওতায় বিনামূল্যে দরিদ্র জনগোষ্ঠীকে এগিয়ে নিতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার এটি একটা মহতি উদ্যোগ।

হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন নিজে উপস্হিত থেকে চাউল বিতরনের উদ্বোধন করেন। এসময় উপস্থিত ছিলেন প্যানেল চেয়ারম্যান-২ শহিদুল ইসলাম,, ট্যাগ অফিসার আতিকুর রহমান, ইউপি সচিব নাঈম হোসেন, শাহজামাল, আব্দুল হান্নান পটু, সেলিম উদ্দিনসহ সকল সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় ৪টি প্রতিষ্ঠান মালিককে ৮৮ হাজার টাকা জরিমানা

চুয়াডাঙ্গায় আসন্ন ঈদুল ফিতরের ঈদ কে সামনে রেখে অনেক বিপনি বিতান গুলোতে বেচাকেনায় যেন অসাধু উপায় অবলম্বন করছে

ব্যবসায়িরা। এ সকল অসাধু ব্যবসায়ীদের রুখতে নড়েচড়ে বসেছে প্রশাসন। তারই ধারাবাহিকতায় চুয়াডাঙ্গায় চারটি দোকানে ৮৮ হাজার টাকা জরিমানা করেছে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

আজ বৃহস্পতিবার বেলা বারোটার দিকে চুয়াডাঙ্গার নিউমার্কেট, প্রিন্স প্লাজা ও কবরী রোড এলাকায় অভিযান পরিচালনা করেন চুয়াডাঙ্গা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহম্মেদ।

অভিযান সূত্রে জানা গেছে, চুয়াডাঙ্গার নিউ মার্কেটে অভিযানে মেসার্স হৃদয় ফ্যাশান নামক প্রতিষ্ঠান তদারকিকালে নির্ধারিত লাভের চেয়ে অতিরিক্ত লাভে বিভিন্ন কাপড় বিক্রয় ও পণ্যের ভাউচার যথাযথভাবে সংরক্ষণ না করার অপরাধে মালিক আকতার হোসেনকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪০ ও ৪৫ ধারায় ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। এরপর মেসার্স আজিজ বস্ত্রালয় এর মালিক আজিজ মাকসুদকে নির্ধারিত লাভের অতিরিক্ত লাভে বিভিন্ন জামা-কাপড় বিক্রয়ের অপরাধে ৪০ ধারায় ৫ হাজার টাকা জরিমানা করা হয়।

অপরদিকে প্রিন্স প্লাজা মার্কেটে মেসার্স স্টাইল ওয়ান প্রতিষ্ঠানে তদারকিতে ৭৫০ টাকা মুল্যের একটি শার্টে ২ হাজার ৮৫০ টাকা প্রাইস ট্যাগ লাগানোর প্রমাণ পাওয়া যায়। অর্থাৎ ৭৫০ টাকা দিয়ে ক্রয় করা শার্টে ২ হাজার ১০০ টাকা লাভ রাখা হয়েছে। এই অস্বাভাবিক মুল্য বৃদ্ধির অপরাধে প্রতিষ্ঠানটির ম্যানেজার একেএম আলিমুজ্জামানকে ৩০ হাজার টাকা জরিমানা আরোপ করা হয়। কবরী রোডে মেসার্স ভাই ভাই ফুসকা হাউসকে মেয়াদ উত্তীর্ণ পণ্য সংরক্ষণ করে বিক্রয়ের অপরাধে ৫১ ধারায় ৩ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযানের শেষ পর্বে চুয়াডাঙ্গার খন্দকার, মিঠাইবাড়ি, সাম্পানসহ মিষ্টির প্রতিষ্ঠানগুলোকে ঈদে কোন প্রকার শর্ত দিয়ে পণ্য বিক্রয় ও মুল্য বৃদ্ধির বিষয়ে সতর্ক করা হয় । অভিযানটি সহযোগিতায় ছিলেন জেলা কৃষি বিপণন কর্মকর্তা শহিদুল ইসলাম ও

চুয়াডাঙ্গা জেলা পুলিশের একটি টিম। এ অভিযান অব্যহত থাকতে বলে জানিয়েছেন চুয়াডাঙ্গা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহম্মেদ।

দামুড়হুদায় বন্ধুত্বের বন্ধন সংগঠনের পক্ষে থেকে ঈদ সামগ্রী বিতরণ

দামুড়হুদায় বন্ধুত্বের বন্ধন এসোসিয়েশন’র পক্ষ থেকে পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে ঈদ সামগ্রী ও নগদ অর্থ বিতরণ করা হয়েছে।

আজ বুধবার সকাল ১০টার দিকে দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুল প্রাঙ্গনে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলের এসএসসি ৯২ ব্যাচের আয়োজনে সংগঠনটির সভাপতি যুবলীগনেতা আব্দুল হালিম ভুট্টুর সভাপতিত্বে ঈদ সামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রোকসানা মিতা।

সংগঠনের সদস্য সচিব এনটিভির সাংবাদিক মো: নাসির উদ্দীনের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলের প্রধান শিক্ষক মো নজরুল ইসলাম, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী প্রমূখ। আগামী পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে দামুড়হুদা উপজেলার বিভিন্ন গ্রামের ১২০ জন নারী, পুরুষকে ঈদ সামগ্রী ও ৯২ এসএসসি ব্যাচের ১০জনের পরিবারকে নগদ অর্থ সহায়তা দেয়া হয়। অনুষ্ঠানে সহযোগিতা করেন দামুড়হুদা সরকারি পাইলট হাই স্কুলের ৯২ এসএসসি ব্যাচের আব্দুল খালেক, আব্দুল মোমিন, একরামুল হক, মাহাফুজুর রহমান বেল্টু, আশাদুর রহমান বাদশা, নাসির উদ্দীন, দৈনিক মাথাভাঙ্গার সিনিয়র সাংবাদিক তাছির আহমেদ ও শফিকুল ইসলাম কেবলা প্রমুখ।

আলমডাঙ্গায় বাংলা নববর্ষ উদযাপনের লক্ষে প্রস্তুতি সভা

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে বাংলা নববর্ষ ১৪৩১ উদযাপনের লক্ষে প্রস্তুতি মুলক সভা অনুষ্টিত হয়েছে। আজ বুধবার সকাল সাড়ে ১০ টার সময় উপজেলা পরিষদ হলরুমে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস।প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আইয়ুব হোসেন।

বিশেষ অতিথি ছিলেন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, উপজেলা স্বাস্থ্য প.প.কর্মকর্তা ডাঃ শারমিন আক্তার, পৌর সভার প্যানেল মেয়র খন্দকার মজিবুল ইসলাম।

উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহার উপস্থাপনায় আরও বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা এ্যাড, আব্দুর রশিদ মোল্লা, বীর মুক্তিযোদ্ধা সাবেক পৌর মেয়র এম সবেদ আলী, বীর মুক্তিযোদ্ধা সাবেক কমান্ডার আব্দুল কুদ্দুস, বীর মুক্তিযোদ্ধা মইনদ্দিন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জিয়াউল হক, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী আব্দুর রশিদ, আলমডাঙ্গা মহিলা কলেজের অধ্যক্ষ আশুরা খাতুন, সরকারি কলেজের প্রভাষক জিয়াউল ইসলাম, সরকারি স্কুলের প্রধান শিক্ষক রবিউল ইসলাম, মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম আজম, বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন, কোষাধ্যক্ষ আলাউদ্দিন, পল্লি সঞ্চয় ব্যাংকের ম্যানেজার শেফালী বেগম, মডেল প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হারেজ উদ্দিন, যুবউন্নযন কর্মকর্তা হাসিবুল আলম, তথ্যকর্মকর্তা স্নিগ্ধা দাস, ইসলামি ফাউন্ডেশনের সুপার ভাইজার আকাতারুজ্জামান, কলাকেন্দ্রের সভাপতি রেবা রানী সাহা, মুক্তিযোদ্ধা সাংস্কৃতিক সংগঠনের সভাপতি কন্ঠশিল্পি আশরাফুল হক লুলু, সাবেক চেয়ারম্যান মজিবর রহমান, ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার, আদর্শ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নাশির উদ্দিন এ্যাটোম প্রমুখ।

সভায় ৩ দিন ব্যাপি বৈশাখি মেলার ব্যাপারে বিভিন্ন উপ-কমিটি গঠন করা হয়েছে। প্রথম দিন মঙ্গল শোভাযাত্রায় সকলকে অংশগ্রহণ করতে অনুরোধ করা হয়েছে। এছাড়াও প্রতিদিন সাংস্কৃতিক অনুষ্টানে সংগীত পরিবেশিত হবে।

আলমডাঙ্গায় প্রেসক্লাবের উদ্যোগে ইফতার ও দোয়া মাহফিল

আলমডাঙ্গা প্রেসক্লাবের সাংবাদিকদের সম্মানে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আমেরিকা প্রবাসি ও ঐশিকা সংস্থার প্রেসিডেন্ট এম.এ মান্নান রতন জমিদারের সৌজন্যে আজ বুধবার এ ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

এর আগে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলমডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টুর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক খন্দকার হামিদুল ইসলামের আজমের উপস্থাপনায় আলোচনা সভায় বক্তব্য প্রেসক্লাবের সহ-সভাপতি জামদসিদুল হক মুনি,সহ-সভাপতি আনোয়ার হোসেন, সহকারি অধ্যাপক শেখ শফিউজ্জামান,সহ সাংগঠনিক সম্পাদক বশিরুল আলম প্রমুখ।

এ সময় আরও উপস্থিত ছিলেন সিনিয়র সাংবাদিক প্রশান্ত বিশ্বাস, যুগ্ম সম্পাদক শাহাবুল হক, তানভীর সোহেল সাংগঠনিক সম্পাদক কাইরুল মামুন, কোষাধ্যক্ষ সাজেদুল হক মনি, সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক আতিক বিশ্বাস, ধর্মীয় বিষয়ক সম্পাদক গোলাম রহমান, আইসিটি বিষয়ক সম্পাদক ফাইম ফয়সাল, প্রচার সম্পাদক জাফর জুয়েল, সহ প্রচার সম্পাদক হাসিবুল ইসলাম, নির্বাহী সদস্য নাসির উদ্দিন, রানা আহম্মেদ, লাল্টু রহমান প্রমুখ।

ইফতার মাহফিলে দোয়া পরিচালনা করেন প্রেসক্লাবের সহ সাংগঠনিক সম্পাদক বশিরুল আলম।

কার্পাসডাঙ্গায় বিনামূল্যে ভিজিএফের চাল বিতরণ

সারাদেশে মানবিক সহায়তা কর্মসূচির আওতায় পবিত্র ঈদুল-ফিতর উপলক্ষে কার্পাসডাঙ্গা ইউনিয়নে প্রধানমন্ত্রীর বিশেষ বরাদ্দ ভিজিএফ খাদ্যশস্য (চাল) বিতরণ কর্মসূচি উদ্বোধন করা হয়েছে।

আজ বুধবার সকাল সাড়ে ৯ টায় উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদে অতিদরিদ্র অসহায় মানুষদের সহায়তার লক্ষ্যে দুস্থদের জন্য ১০ কেজি হারে বিনামূল্যে খাদ্য (ভিজিএফ) কর্মসূচির আওতায় চাল বিতরণ কার্যক্রম উদ্বোধন করেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস ।

এ সময় উপস্থিত ছিলেন, কার্পাসডাঙ্গা ইউপি প্যানেল চেয়ারম্যান মনিরুজ্জামান মণ্টু,দুই নম্বর প্যানেল চেয়ারম্যান বিল্লাল হোসেন, ইউপি সদস্য আলমগীর হোসেন, বিল্লাল হোসেন, সিরাজুল ইসলাম, আব্দুস ছালাম,আ.রাজ্জাক, সাজিবার রহমান, মাহবুবুর রহমান,নুর মোহাম্মদ ভগু, দেলোয়ারা খাতুন, আনেহার খাতুন, ইউপি সচিব হাসানুজ্জামান, সহকারী হিসাব রক্ষক মতিউর রহমান,উদ্যোক্তা হারুনার রশীদ,ওমেদুল হক সহ সকল ইউপি সদস্য। স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও সামাজিক রাজনৈতিক ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলো।

কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস বলেন, পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে সারাদেশে ১০ কেজি হারে ভিজিএফ চাল বিতরন করা হয়। আমাদের ইউনিয়নেও সুষ্ঠভাবে ভিজিএফ চাল বিতরন করা হয়েছে। ইউনিয়ন পরিষদের পক্ষ হতে উপকার ভোগীদের ও সকল জনগণকে ঈদ শুভেচ্ছা জানান তিনি।

দামুড়হুদার জুড়ানপুর ইউনিয়ন আওয়ামী লীগের আয়োজনে ইফতার মাহফিল

দামুড়হুদা উপজেলার ১নং জুড়ানপুর ইউনিয়ন আওয়ামী লীগ ও সকল সহযোগী সংগঠনের উদ্যোগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের সকল শহীদের আত্মার মাগফিরাত কামনা উপলক্ষে দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার জুড়ানপুর ইউনিয়নের বিষ্ণুপুর মাধ্যমিক বিদ্যালয় চত্বরে পবিত্র মাহে রমজান উপলক্ষে এ দোয়া ও ইফতার মাহফিলের আয়োজন করা হয়।

জুড়ানপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি অ্যাডভোকেট রেজাউল হক এর সভাপতিত্বে দোয়া ও ইফতার মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জুড়ানপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবু তালেব, যুগ্ন সাধারণ সম্পাদক মতিয়ার রহমান মতি, ইউনিয়ন কৃষকলীগের সভাপতি ও ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি শরিফ উদ্দিন, সাধারণ সম্পাদক সালাহউদ্দিন, ২নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি মতিয়ার রহমান মন্টু, সাধারণ সম্পাদক গোলাম ছারোয়ার নান্নু,৩নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি খাইরুল ইসলাম, সাধারণ সম্পাদক মহিদুল ইসলাম, ৪নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শামিম রেজা, ৫ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি রেজাউল হক, সাধারণ সম্পাদক আবুল কালাম, ৬নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি গোলাম মোস্তফা মধু, ৭নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা জালাল উদ্দীন, ৯নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আব্দুল কুদ্দুছ, ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি ও প্যানেল চেয়ারম্যান আলমগীর হোসেন, ইউনিয়ন যুবলীগের যুগ্ন সাধারণ সম্পাদক মিলন হোসেন সহ ইউনিয়ন পরিষদের ইউপি সদস্যবৃন্দ সহ দোয়া ও ইফতার মাহফিলে দলীয় নেতা কর্মীরা অংশ নেয়।

এসময় উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু বলেন, দেশের অভাবনীয় উন্নয়নের সংক্ষিপ্ত বর্ণনা দিতে গিয়ে বলেন এই অসম্ভবকে সম্ভব করেছেন জননেত্রী শেখ হাসিনা তার প্রচন্ড দেশপ্রেম নিরলস

প্রচেষ্টা ও বলিষ্ঠ নেতৃত্বের মাধ্যমে। এই উন্নয়নের ধারাকে অব্যাহত রাখতে যার যার অবস্থান থেকে সবাইকে একযোগে কাজ করতে হবে। আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনে দামুড়হুদা উপজেলাবাসীর কাছে দোয়া কামনা করেন।

আলমডাঙ্গায় স্বামী-স্ত্রী হত্যা মামলায় তিনজনের মৃত্যুদন্ড, একজনের ২ বছর জেল

আলমডাঙ্গায় স্বামী-স্ত্রীকে কুপিয়ে ও জবাই করে হত্যা মামলায় তিন জনকে মৃত্যুদণ্ড ও এবং প্রত্যেককে ২০ হাজার টাকা করে জরিমানা করা হয়েছে। এছাড়া একজনকে ২ বছরের কারাদণ্ড প্রদান করেছেন আদালত।

আজ মঙ্গলবার (২ এপ্রিল) দুপুরে আসামিদের উপস্থিতিতে চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা ও দায়রা জজ ২য় আদালতের বিচারক মো. মাসুদ আলী এ রায় ঘোষণা করেন। রায় ঘোষণার পর দণ্ডিতদের বিকালে চুয়াডাঙ্গা জেলা কারাগারে নেওয়া হবে।

মৃত্যুদণ্ড প্রাপ্ত হলেন চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার আসান নগর গ্রামের ক্লাবপাড়ার বজলুর রহমানের ছেলে সাহাবুল হক(২৪) ও একই গ্রামের শেষপাড়ার পিন্টু রহমানের ছেলে রাজিব হোসেন (২৫), আসাননগর গ্রামের মাঝেরপাড়ার মাসুদ আলীর ছেলে বিদ্যুৎ আলী (২৩)। আসাননগর গ্রামের স্কুলপাড়ার তাহাজ উদ্দিনের ছেলে শাকিল হোসেনকে
(২৩) ২ বছর কারাদণ্ড দিয়েছেন।

মামলার ও এজাহারের বিবরণ সূত্রে জানা যায়, চুয়াডাঙ্গা আলমডাঙ্গা পৌর এলাকার পুরাতন বাজারপাড়ায় বৃদ্ধ নজির মিয়া ও তার স্ত্রী ফরিদা খাতুন বসবাস করতেন। প্রতিদিনের ন্যায় ২০২২ সালের ২৩ সেপ্টেম্বর রাতে খাওয়া শেষে ঘুমিয়ে পড়েন। ওই দিন রাতে যে কোন সময় অজ্ঞাত দুর্বৃত্তরা আলমডাঙ্গা পৌর এলাকার পুরাতন বাজারপাড়ার নজির মিয়ার বাড়িতে প্রবেশ করে চুরির উদ্দেশ্য। প্রথমে নজির মিয়াকে গোসল খানার ভেতর হাত-পা বেধে জবাই ও কুপিয়ে হত্যা করে।

পরে তার স্ত্রীকে ঘরের ভেতর জবাই করে হত্যা করে।

নিহতের মেয়ে ডালিয়ারা পারভীন ২৪ সেপ্টেম্বর সকালে বাবা-মায়ের ব্যবহৃত মোবাইল ফোনে একাধিক বার কল দিলে বন্ধ পায়। পরে ঘটনাস্থলে মেয়ে ও জামাই এসে দেখে রক্তাক্ত মরদেহ পড়ে আছে। পুলিশ ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধার করে।

এ ঘটনায় নিহতের মেয়ে ডালিয়ারা পারভীন বাদী হয়ে অজ্ঞাত ব্যাক্তিদের আসামি করে আলমডাঙ্গা থানায় ২৫ সেপ্টেম্বর একটি হত্যা মামলা দায়ের করেন।

মামলার তদন্ত কর্মকর্তা জেলা গোয়েন্দা পুলিশের সাব-ইন্সপেক্টর মোহাম্মদ শিহাব উদ্দীন তদন্ত শেষে হত্যায় সরাসরি জড়িত সাহাবুল হক, রাজিব হোসেন, বিদ্যুৎ আলী ও ভিকটিমের মোবাইল কেনায় জড়িত শাকিল হোসেনের নামে ২০২৩ সালের ৩১ জানুয়ারি আদালতে চার্জশিট দাখিল করেন।

চুয়াডাঙ্গার অতিরিক্ত দায়রা জজ আদালতের সহকারী পাবলিক প্রসিকিউটর (এপিপি) অ্যাডভোকেট গিয়াস উদ্দিন বলেন, ৩৭ জন সাক্ষীর মধ্য ১৯ জনের সাক্ষ্য শেষে চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা ও দায়রা জজ ২য় আদালতের বিচারক মো. মাসুদ আলী আসামির উপস্থিতিতে মঙ্গলবার দুপুরে রায় ঘোষণা করেন।

চুয়াডাঙ্গা ৪ হাজার পিস ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ গ্রেফতার ১

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা ডিবি পুলিশ অভিযান চালিয়ে ৪ হাজার পিস ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ মনিরকে (২৪) গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃত মনির দর্শনা পৌরসভার দর্শনা বাসস্ট্যান্ড হাজী পাড়ার আবু বাক্কার ছেলে।

জানাযায় আজ মঙ্গলবার (২ এপ্রিল) সকাল সাড়ে ৭ টার দিকে চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান, পিপিএমের নেতৃত্বে, ডিবি পুলিশের অফিসার ইনচার্জ, ফেরদৌস ওয়াহিদের সংবাদের ভিত্তিতে এস আই ওহিদুল ইসলাম, গোপন সংবাদের ভিত্তিতে মনিরকে গ্রেফতার করে। চুয়াডাঙ্গা সদর থানাধীন জিন্নাতপুর টু মাখালডাঙ্গা মাঠের মধ্যে খোদাবক্সের জমির সামনে পাকা রাস্তার উপর অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে। এ অভিযানে তার কাছ থেকে ৪ হাজার পিচ ট্যাপেনডল ট্যাবলেট উদ্ধার করে।

এ ঘটনায় মনিরের বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে চুয়াডাঙ্গা সদর থানায় মামলা হয়েছে। আজ মনিরকে মাদকদ্রব্য আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে সোপর্দ করেছে।